

নির্বাচন কমিশন সচিবালয় (সিস্টেম ম্যানেজারের দপ্তর)	
সিস্টেম মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার	স্বাক্ষর
সিস্টেম এনালিস্ট (সিস্টেম)	
সিস্টেম এনালিস্ট (নেটওয়ার্ক)	
সিস্টেম এনালিস্ট (সিকিউরিটি)	
সিস্টেম এনালিস্ট (সিস্টেম ইন্টিগ্রেশন)	
সহকারী সিস্টেম এনালিস্ট (সিস্টেম)	
সহকারী সিস্টেম এনালিস্ট (নেটওয়ার্ক)	
সহকারী সিস্টেম এনালিস্ট (সিকিউরিটি)	
সহকারী সিস্টেম এনালিস্ট (সিস্টেম ইন্টিগ্রেশন)	



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৯.২১-১৮৫

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪২৯
৩০ মে ২০২২

বিষয় : কুমিল্লা সিটি কর্পোরেশন নির্বাচন এবং ০৬টি পৌরসভার সাধারণ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে কতিপয় যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, কুমিল্লা সিটি কর্পোরেশন নির্বাচন এবং ০৬টি পৌরসভার (গোপালগঞ্জ জেলার গোপালগঞ্জ ও মুকসুদপুর, সিলেট জেলার বিয়ানীবাজার, রাঙ্গামাটি জেলার বাঘাইছড়ি, মেহেরপুর জেলার মেহেরপুর এবং ঝিনাইদহ জেলার ঝিনাইদহ) সাধারণ নির্বাচন তফসিল অনুসারে ১৫ জুন ২০২২ তারিখে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ১৪ জুন ২০২২ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ১৫ জুন ২০২২ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে:


(১) ট্রাক

(২) পিক আপ

২। সেই সাথে ১৩ জুন ২০২২ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ১৬ জুন ২০২২ তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।

৩। উপরোল্লিখিত নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তীদের নির্বাচনি এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য হবে। তাছাড়া নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এতদ্ব্যতীত জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিত শূন্য আসনের নির্বাচন উপলক্ষে উল্লেখিতরূপে নিষেধাজ্ঞা আরোপ করার লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/অন্যান্য কর্তৃপক্ষ-কে ক্ষমতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মোঃ আতিয়ার রহমান)

উপসচিব

নির্বাচন পরিচালনা-২ অধিশাখা

ফোন:০২-৫৫০০৭৫২৫

E-mail: sasemc1@gmail.com

সচিব

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

[দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, বিআরটিএ সংস্থাপন অধিশাখা]

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৯.২১-১৮৫

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪২৯
৩০ মে ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব, (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. সচিব, (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ডিডিপি/ডিজিএফআই/এনএসআই/র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‌্যাব), ঢাকা
৭. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, (সংশ্লিষ্ট) বিভাগ
৯. উপমহাপুলিশ পরিদর্শক, (সংশ্লিষ্ট) রেঞ্জ
১০. যুগ্মসচিব (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১২. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশ ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]
১৩. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [সংবাদ মাধ্যমকে অবহিতকরণ ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধসহ]
১৪. জেলা প্রশাসক, (সংশ্লিষ্ট)
১৫. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, (সংশ্লিষ্ট) অঞ্চল
১৬. (সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
১৭. পুলিশ সুপার, (সংশ্লিষ্ট)
১৮. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৯. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/ জেলা নির্বাচন অফিসার, (সংশ্লিষ্ট)
২০. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ডিডিপি, (সংশ্লিষ্ট)
২১. উপজেলা নির্বাহী অফিসার, (সংশ্লিষ্ট)
২২. জেলা তথ্য অফিসার, (সংশ্লিষ্ট)
২৩. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
২৪. মাননীয় নির্বাচন কমিশনার জনাব এর একান্ত সচিব নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
২৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৬. (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৭. উপজেলা নির্বাচন অফিসার, (সংশ্লিষ্ট)
২৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, (সংশ্লিষ্ট) থানা।

(মোহাম্মদ মোরশেদ আলম)

সিনিয়র সহকারী সচিব

নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা

ফোন: ৫৫০০৭৬১০

E-mail: sasemc1@gmail.com